

**রাষ্ট্রপতির সঙ্গে
বিএসএমএমইউ
প্রতিনিধি দলের
সাক্ষাত**

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি মোঃ আব্দুল হামিদের সঙ্গে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) মাননীয় উপাচার্য অধ্যাপক ডাঃ কামরুল হাসান খানের নেতৃত্বে একটি প্রতিনিধি দল আজ বৃহস্পতিবার ১৬ এপ্রিল ২০১৫ইং তারিখে বিকেল সাড়ে ৩টায় বঙ্গভবনে সৌজন্য সাক্ষাত করেছেন। এ সময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ডাঃ কামরুল হাসান খান বিএসএমএমইউর বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে রাষ্ট্রপতির সঙ্গে আলোচনা করেন। এ সময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডাঃ কামরুল হাসান খানসহ বিএসএমএমইউর উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডাঃ মোঃ রুহুল আমিন মিয়া উপাচার্যের সঙ্গে কোরিয়ান প্রতিনিধি দলের সাক্ষাত।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) উপাচার্য অধ্যাপক ডাঃ কামরুল হাসান খানের সঙ্গে বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টায় উপাচার্যের কার্যালয়ে কোরিয়ার একটি প্রতিনিধি দল সৌজন্য সাক্ষাত করেন। এ সময় বিএসএমএমইউর উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডাঃ মোঃ রুহুল আমিন মিয়া, বিএসসি নার্সিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মেবেল ডি রোজারিও, বিএসসি নার্সিং ডেভেলপমেন্ট কমিটির মেম্বার সেক্রেটারি ডাঃ একেএম শরীফুল ইসলাম, কৈকার প্রতিনিধি ডাঃ এ্যান, দি রিপাবলিক অফ কোরিয়ার ইয়নসে বিশ্ববিদ্যালয়ের প্রফেসর জায়ে ওয়া পি. প্রমুখ।

-বিজ্ঞপ্তি।